

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ক্ষেতলাল, জয়পুরহাট  
http://khetlal.joypurhat.gov.bd

নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.১০.০০১.২২- ১০৪

তারিখ: ১৮ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

“সরকারি হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৯ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে অস্থায়ী ভিত্তিতে ‘সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয়বন্টন সম্পর্কিত’ নীতিমালা-২০১১ মোতাবেক ইজারা প্রদানের লক্ষ্যে উল্লিখিত দিনপঞ্জি মোতাবেক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	১৪২৯ বঙ্গাব্দের সরকারি মূল্য	দরপত্র সিডিউলের মূল্য (অ-ফেরতযোগ্য)	মন্তব্য
০১	বড়তারা	হোপ হাট-বাজার	১,১৫,৫৪,৯১৯/-	২৩,৮০০/-	
০২	আলমপুর	মধুপুকুর হাট-বাজার	৭,৯৮,৯২২/-	২,২০০/-	
০৩	মামুদপুর	চৌমুহনী হাট-বাজার	৪,১৫,৮৫৯/-	১,৬০০/-	
০৪	তুলশীগঞ্জা	মুনঝাড় হাট-বাজার	৩,৫০,১৮৯/-	১,৪০০/-	
০৫	আলমপুর	ফুলদিঘী হাট-বাজার	৩,২৪,৩৬০/-	১,২০০/-	
০৬	বড়তারা	উত্তর হাটশহর হাট-বাজার	১,৮৩,৩৮০/-	১,০০০/-	
০৭	বড়াইল	লালাগড় হাট-বাজার	৬৮,৫৪৭/-	৫০০/-	

দরপত্র বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র বাস্তব খোলার সময়সূচি:

ক্রমিক নং	পর্যায়	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
০১	১ম পর্যায়	১৬/০২/২০২২ খ্রি. বিকাল: ০৫.০০ ঘটিকা	১৭/০২/২০২২ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা হতে বেলা: ০১.০০ ঘটিকা	১৭/০২/২০২২ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা	উল্লেখ্য যে, ১ম পর্যায়ের যে সকল হাট-বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হবে, ২য় পর্যায়ের সে সকল হাট-বাজারের কোন সিডিউল বিক্রয় করা হবে না। অর্থাৎ পুনঃদরপত্রের ক্ষেত্রে ঐ হাট-বাজারটির নাম বাদ দেয়া হয়েছে মর্মে গন্য হবে এবং ২য়-৫ম পর্যায় পর্যন্ত একইরূপে ইজারা কার্যক্রম চলবে এবং এ জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না।
০২	২য় পর্যায়	০২/০৩/২০২২ খ্রি. বিকাল: ০৫.০০ ঘটিকা	০৩/০৩/২০২২ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা হতে বেলা: ০১.০০ ঘটিকা	০৩/০৩/২০২২ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা	
০৩	৩য় পর্যায়	১৬/০৩/২০২২ খ্রি. বিকাল: ০৫.০০ ঘটিকা	১৭/০৩/২০২২ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা হতে বেলা: ০১.০০ ঘটিকা	১৭/০৩/২০২২ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা	
০৪	৪র্থ পর্যায়	৩০/০৩/২০২২ খ্রি. বিকাল: ০৫.০০ ঘটিকা	৩১/০৩/২০২২ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা হতে বেলা: ০১.০০ ঘটিকা	৩১/০৩/২০২২ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা	
০৫	৫ম পর্যায়	১২/০৪/২০২২ খ্রি. বিকাল: ০৫.০০ ঘটিকা	১৩/০৪/২০২২ খ্রি. সকাল ০৯:০০ ঘটিকা হতে বেলা: ০১.০০ ঘটিকা	১৩/০৪/২০২২ খ্রি. বিকাল: ০৩.০০ ঘটিকা	

দরপত্র সিডিউল উপরোক্ত ক্যালেন্ডার অনুযায়ী অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট; নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, ক্ষেতলাল; সোনালী ব্যাংক লিঃ, ক্ষেতলাল শাখা এবং ক্ষেতলাল থানা হতে নির্ধারিত নগদমূল্যে (অ-ফেরতযোগ্য) ক্রয় করা যাবে এবং যথাযথভাবে পূরণকৃত দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ে সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট; পুলিশ সুপারের কার্যালয়, জয়পুরহাট; নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাটে রক্ষিত দরপত্র বাস্তব সীলমোহরযুক্ত খামে সংশ্লিষ্ট হাট-বাজারের নাম উল্লেখপূর্বক দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। ঐ দিন বিকাল ০৩:০০ ঘটিকায় দরপত্র বাস্তব উপস্থিত দরপত্রদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

- বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ১৪২৯ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য বর্ণিত হাট-বাজারসমূহ অস্থায়ীভাবে ইজারা দেওয়া হবে।
- দরপত্রের সাথে প্রদত্ত দরের ৩০% হিসেবে টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল এর অনুকূলে যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে গ্রহণপূর্বক সংযুক্ত করতে হবে। কোন চেক বা নগদ অর্থ গ্রহণযোগ্য হবে না।
- পরবর্তীতে সকল দরদাতার ৩০% জমা হতে ৫% জামানত (ফেরতযোগ্য) হিসেবে কর্তন করে রাখা হবে। যদি কোন ইজারাগ্রহীতা হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করে বা হাট-বাজারের কোন ক্ষতি সাধন করে তবে উক্ত জামানত হতে সে ব্যয় নির্বাহ করা হবে। অবশিষ্ট অর্থ ইজারা মেয়াদ শেষে ইজারাগ্রহীতাকে ফেরত প্রদান করা হবে।
- সফল দরদাতাকে দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% ইজারা মূল্য, ১৫% ভ্যাট (কোড নং ১-১১৩৩-০০২০-০৩১১) এবং ৫% আয়কর (কোড নং ১-১১৪১-০১৪০-০১১১) ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায়, জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট হাট-বাজারটি পুনঃইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে নতুন কোন নোটিশ জারি করা হবে না। বর্ণিত শর্ত লঙ্ঘন করলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৪

- ৫। ইজারার সমুদয় অর্থ পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাগ্রহীতা কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করা নিতে হবে।
- ৬। দরপত্র দাখিলের দিনপঞ্জি মোতাবেক ইজারা কার্যক্রম চলতে থাকবে। দিনপঞ্জিতে বর্ণিত সময়সীমা শেষ না হওয়া পর্যন্ত নতুন করে বিজ্ঞপ্তি জারি করা হবে না।
- ৭। কোন শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে, প্রধান সড়কে এবং রেল লাইনের পার্শ্বে হাট-বাজার বসানো যাবে না।
- ৮। অন্যান্য শর্তাবলী দরপত্রে উল্লেখ থাকবে।
- ৯। কোন কারণদর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১০। ইজারা সংক্রান্ত সকল কার্যক্রম “সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত” নীতিমালা-২০১১ এবং সরকার কর্তৃক পরবর্তীতে জারিকৃত পরিপত্র/নির্দেশনা মেনে পরিচালিত হবে। ইজারাগ্রহীতাগণ এ সকল বিধি-বিধান মেনে চলতে বাধ্য থাকবে।

  
০১/০২/২২

(ইশতিয়াক আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার

ক্ষেতলাল, জয়পুরহাট

ফোন: (+৮৮)০২৫৮৮৮৭৭৫২৫

ইমেইল: unokhetlal@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ক্ষেতলাল, জয়পুরহাট  
<http://khetlal.joypurhat.gov.bd>

নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.১০.০০১.২২- ১০৪(২০০)

তারিখ: ১৮ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ০৪। পুলিশ সুপার, জয়পুরহাট।
- ০৫। সিভিল সার্জন, জয়পুরহাট।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
- ০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপথ বিভাগ, জয়পুরহাট।
- ০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), জয়পুরহাট।
- ১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।

অনুলিপি জ্ঞাতার্থে/বহল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো:

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, কালাই/আক্কেলপুর/জয়পুরহাট সদর/পাঁচবিবি, জয়পুরহাট।
- ০২। সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৩। মেয়র, ক্ষেতলাল পৌরসভা, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৫। উপজেলা ..... অফিসার (সকল), ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৬। উপজেলা প্রকৌশলী, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৭। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক লিঃ/রুপালী ব্যাংক লিঃ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ০৯। চেয়ারম্যান, তুলশীগঞ্জা/বড়তারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তুলশীগঞ্জা/বড়তারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১১। ইজারাদার, উত্তর হাটশহর/হোপ/মধুপুকুর/ফুলদিঘী/মামুদপুর চৌমুহনী/লালাগড়/মুনঝাড় হাট-বাজার, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১২। সম্পাদক, .....। (বর্ণিত বিজ্ঞপ্তিটি ভেতরের পাতায় (সাদা-কালো) একদিন প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ১৩। নোটিশ বোর্ড, ..... অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১৪। অফিস নথি।

  
০১/০২/২২

(ইশতিয়াক আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার

ক্ষেতলাল, জয়পুরহাট